

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
 টেলিযোগাযোগ অধিদপ্তর
 প্রশাসন-১ শাখা

টেলিযোগাযোগ অধিদপ্তরের ২৪ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মহসিনুল আলম মহাপরিচালক
সভার তারিখ	১২/০৪/২০২১ খ্রিঃ
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	অনলাইন ভার্চুয়াল প্লাটফর্মেরে অনুষ্ঠিত।
উপস্থিতি	অধিদপ্তরের উপপরিচালক/ সমপর্যায় পর্যন্ত কর্মকর্তাগণ (৫ম ও তদুর্ধ্ব গ্রেড পর্যন্ত)

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	মার্চ/ ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়করণ।	কতিপয় সংশোধনী প্রস্তাবনা গ্রহণ করে সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।	
০২	কোভিড-১৯ সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকারি নির্দেশনা বাস্তবায়ন বিষয়ক।	কোভিড-১৯ সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকারি সর্বশেষ নির্দেশনা অনুসরণ করে আগামী ১৩/০৪/২০২১ পর্যন্ত অধিদপ্তরের কার্যক্রম চলমান থাকবে। পরবর্তী সরকারি নির্দেশনার ভিত্তিতে অধিদপ্তরের দৈনন্দিন কার্যাবলি সম্পাদনের নিমিত্তে প্রশাসন শাখা প্রয়োজনীয় আদেশ জারী করবে।	পরিচালক (প্রশাসন)
০৩	২০২১-২০২২ অর্থ বছরে পিআরএলগামী ৫৩৫ জন কর্মকর্তা-কর্মচারীর খসড়া তালিকা প্রেরণ সংক্রান্ত।	২০২১-২০২২ অর্থ-বছরে পিআরএলগামী ৫৩৫ জন কর্মকর্তা/কর্মচারীর প্রণীত খসড়া তালিকা অধিদপ্তরের ওয়েব সাইট এবং বিটিসিএল কেন্দ্রীয় কার্যালয়সহ বিটিসিএলের অঞ্চল প্রধান বরাবর প্রেরণ করা হয়েছে। উক্ত তালিকার উপর যাচাইকৃত প্রতিবেদন বিটিসিএল থেকে প্রেরণের জন্য আগামী ১০ (দশ) দিন পর বিটিসিএল কেন্দ্রীয় কার্যালয়ে তাগিদপত্র প্রদান করতে হবে। তাগিদপত্রে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে তথ্য প্রেরণের জন্য অনুরোধ জ্ঞাপন করতে হবে। জুলাই, ২০২১ মাস হতে তালিকা অনুযায়ী নিয়মিতভাবে পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীদের প্রেষণাদেশ বাতিল ও অধিদপ্তরে ন্যস্তকরণ সংক্রান্ত প্রজ্ঞাপন জারীর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)

০৪	সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্পের মাসিক অগ্রগতি প্রতিবেদন।	প্রকল্পের পিআইসি এবং পিএসসি সংক্রান্ত চারটি সভা হয়েছে। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে প্রকল্পের পাঁচটি প্যাকেজের মধ্যে চারটির আহ্বানকৃত দরপত্র মূল্যায়নের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের অন্তর্ভুক্তি সংক্রান্ত উত্থাপিত অভিযোগের বিষয়ে জানানো হয় যে, প্রকল্পে অন্তর্ভুক্ত ২১৩টি বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় ইতোমধ্যে সরকারীকরণ করা হয়েছে। প্রকল্পের মেয়াদ চলাকালীন সময়ের মধ্যে উক্ত বিদ্যালয়গুলো বেসরকারি হতে সরকারিকরণ সংক্রান্ত প্রত্যয়নপত্র প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে সংগ্রহ করতে হবে।	প্রকল্প পরিচালক, সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্প
০৫	মার্চ/ ২০২১ মাসের অধিদপ্তর প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক পর্যালোচনা প্রতিবেদন।	সভায় বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন করা হয় (কেপি সংযুক্ত)। প্রতিবেদনে উপস্থাপিত বিভিন্ন সেবা কার্যক্রমে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	পরিচালক (ফ্রিকোয়েন্সী ব্যবস্থাপনা) / পরিচালক (প্রশাসন) / পরিচালক (অর্থ)
০৬	বিবিধ	ক) ৮ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনা ও নির্বাচনী ইস্তেহার বাস্তবায়নের নিমিত্তে অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখাসমূহ আইসিটি অনুবিভাগকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। খ) অধিদপ্তরের প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোর আওতায় অধিদপ্তরে ন্যস্তকৃত ২৫ ধরনের কাজের বিপরীতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ/ প্রকল্প প্রণয়ের নিমিত্তে প্রস্তাবনা তৈরি করতে হবে। গ) ই-নথির কার্যক্রমকে বেগবান করতে ম্যানুয়ালি গৃহীত ডাক ডেসপাচ শাখা হতে ই-নথিতে আপলোডের কার্যক্রম গ্রহণ করতে হবে। ঘ) বিদ্যমান কেপিআই নীতিমালা পর্যালোচনা করে সিটিডিআর সেন্টারকে কেপিআই ঘোষণা করা যায় কিনা সে ব্যাপারে প্রয়োজনীয় প্রস্তাবনা তৈরি করতে হবে। ঙ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ নীতিমালার আলোকে ডিওটির কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত দক্ষতা উন্নয়নের জন্য বিষয় ভিত্তিক প্রশিক্ষণের কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।	ক) পরিচালক(আইসিটি) / সংশ্লিষ্ট পরিচালক। খ) সকল অতিরিক্ত মহাপরিচালকগণ। গ) পরিচালক (প্রশাসন) ঘ) পরিচালক (সমন্বয়-পিএসটিএনও গেটওয়ে) ঙ) পরিচালক (প্রশাসন)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ মহসিনুল আলম

মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.৯৮

তারিখ: ১২ বৈশাখ ১৪২৮

২৫ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ/ কারিগরি/ রেগুলেটরি), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৩) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী/ চিফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫) সিনিয়র সহকারী পরিচালক/ উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৬) সহকারী পরিচালক (সকল)/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৭) অফিস কপি।



আহাম্মদ উল্লাহ

উপপরিচালক